**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকার রাজ্যে আরও দুটো মেডিক্যাল কলেজ গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে।**
**(২) রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য আজ ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেবা তীর্থে প্রথম সিদ্ধান্ত হিসেবে, প্রধানমন্ত্রী রাহাত প্রকল্প অনুমোদন করেছেন।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনে অসাধারণ জয়ের জন্য বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন।**
**(৫) ত্রিপুরা ও অন্ধ্রপ্রদেশের মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় আজ থেকে শুরু হয়েছে।**

*****************************************

**Cabinet Decission :**

রাজ্য সরকার রাজ্যে আরও দুটো মেডিক্যাল কলেজ গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। আজ আগরতলায় পর্যটন ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী মহাকরনে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, উদয়পুরের তেপানিয়ায় ৬০ আসনের স্টেট আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গড়ে তোলা হবে। এর পঠন পাঠন ২০২৬–২৭ শিক্ষাবর্ষ থেকে শুরু হবে।

তাছাড়া, আগরতলার রেন্টার্স কলোনিতে অবস্থিত ষ্টেট হোমিওপ্যাথিক হাসপাতালকেও হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ হিসাবে গড়ে তোলা হবে। এই কলেজেও ৬০টি আসন থাকবে। পর্যটন মন্ত্রী আরও জানান, রাজ্য

মন্ত্রিসভার বৈঠকে বেশকিছু দপ্তরে লোক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিন শতাধিক পদে লোক নিয়োগ করা হবে। এর জন্য ৩৩০টি পদ সৃষ্টি করা হয়েছে। এরমধ্যে ২২০টি পদে টি.পি.এস.সি-র মাধ্যমে সরাসরি লোক নিয়োগ করা হবে। বাকী পদগুলো পদোন্নতির ভিত্তিতে পুরন করা হবে। তিনি জানান, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরে ভেটেরিনারি অফিসার হিসেবে ১১০টি পদে টিপিএসসি-র মাধ্যমে লোক নিয়োগ করা হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরে মাল্টিপারপাস ওয়ার্কার অর্থাৎ এম পি ডব্লিউ হিসাবে ৫০ জন পুরুষ ও ৫০ জন মহিলাকে লিখিত পরীক্ষার মাধ্যমে নিয়োগ করা হবে। স্বরাষ্ট্র দপ্তরে গ্রুপ ডি পদে মাল্টিপারপাস ষ্টাফ হিসাবে জে.আর.বি.টি উত্তীর্ণ ৮ জনকে নিয়োগ করা হবে। ত্রিপুরা পুনর্নবিকরন শক্তি উন্নয়ন সংস্থা TREDA-য়, এল ডি সি পদে ৭ জনকে নিয়োগ করা হবে।

তিনি জানান, রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, রাজ্যে জনজাতি ছাত্রাবাসের আবাসিক ছাত্র ছাত্রীদের ষ্টাইপেন্ড মাথাপিছু দৈনিক ৮০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা করা হয়েছে। এতে ৩৭ হাজার ৭৭৩ জন আবাসিক জনজাতি ছাত্রছাত্রী উপকৃত হবে। তাছাড়া, দিল্লিতে কর্মরত ত্রিপুরা ষ্টেট রাইফেলস জওয়ানদের হাউস রেন্ট এলাউন্স ২৪ শতাংশ থেকে ২৭ শতাংশ পর্যন্ত বৃদ্ধি করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*****************************

**CM-Udaipur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরে তিনটি প্রকল্পের ভার্চুয়ালভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই প্রকল্পগুলি বাস্তবায়নে ব্যয় হবে ২০ কোটি ৭৫ লক্ষ টাকা। প্রকল্পগুলির মধ্যে রয়েছে আড়াইশ মিটার দীর্ঘ গোমতী নদীর তীরে দশমীঘাট থেকে পুরাতন রাজবাড়ী পর্যন্ত উন্নয়ন প্রকল্প, বর্জ্য পদার্থ ট্রিটমেন্ট প্লান্ট এবং বাণিজ্যিক কমপ্লেক্স ভবন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক রামপদ জমাতিয়া ও জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

**************************

**TTAADC- Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য আজ ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করেছে। ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর আজ থেকেই দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হয়েছে। তা চলবে আগামী ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১৯শে ফেব্রুয়ারি। এডিসির ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ২১শে ফেব্রুয়ারি। এদিকে, এডিসি নির্বাচনী প্রক্রিয়া পরিচালনার জন্য রাজ্য নির্বাচন কমিশন ইতিমধ্যে ৮ জেলার জেলা শাসককে জেলা নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত করেছে। তাছাড়া এডিসির ২৮টি আসনের জন্য নির্বাচন নিবন্ধন আধিকারিকও নিযুক্ত করেছে রাজ্য নির্বাচন কমিশন।

এদিকে আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, ঊনকোটি জেলায় মাছমারা সাধারণ আসন এবং করমছড়া তপশিলী জনজাতি সংরক্ষিত আসনের ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। খসড়া তালিকায় মাছমারা আসনে ৪২টি এবং করমছড়া আসনে ৫০টি ভোট কেন্দ্র রয়েছে। ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ উপলক্ষ্যে আজ কুমারঘাটের মহকুমা শাসক অফিসে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে B.J.P, কংগ্রেস, C.P.I(M), ফরোয়ার্ড ব্লক, C.P.I, তিপরা মথা দলের প্রতিনিধিরা অংশ নেন।

**************************

**World Radio Day :**

আজ বিশ্ব রেডিও দিবস। জাতিসংঘের উদ্যোগে ১৯৪৬ সাল থেকে প্রতিবছর বিশ্ব ব্যপি ১৩ই ফেব্রুয়ারী দিনটিকে রেডিও দিবস হিসাবে পালন করা হয়। বিশ্ব রেডিও দিবস উদযাপনে, আকাশবাণী রায়পুর, ইউনেস্কোর সহযোগিতায় আজ একটি বিশ্ব রেডিও দিবস সম্মেলন আয়োজন করছে।

বিশ্ব রেডিও দিবসে এই বছরের থিম হলো “রেডিও এবং কৃত্রিম বুদ্ধিমত্তা: এআই একটি সরঞ্জাম, কন্ঠ নয়।”

*****************************

**World Radio Day-AIR Agartala :**

বিশ্ব বেতার দিবস উপলক্ষে আজ আকাশবাণী আগরতলার উদ্যোগে আগরতলার অন্বেষা চাইল্ড প্রোটেকশন সেন্টার-এ এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই বিশেষ দিনে আকাশবাণী আগরতলার একদল আর.জে শিশুদের জন্য সংগীত পরিবেশন, কবিতা আবৃত্তি এবং একটি আকর্ষণীয় ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করেন। প্রতিযোগিতায় অংশ নিয়ে শিশুরা তাদের জ্ঞান ও আত্মবিশ্বাসের পরিচয় দেয়।

আকাশবাণীর মূলমন্ত্র "বহুজনহিতায়: বহুজনসুখায়:" এর আদর্শকে সামনে রেখে সমাজের সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে যাওয়ার অঙ্গীকারই এই কর্মসূচির মাধ্যমে পুনরায় উচ্চারিত হয়। বিশ্ব বেতার দিবসের এই উদযাপন প্রমাণ করে যে বেতার আজও তথ্য, শিক্ষা ও বিনোদনের এক গুরুত্বপূর্ণ এবং হৃদয়স্পর্শী মাধ্যম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা ভলেন্টারি হেলথ অ্যাসোসিয়েশানের কার্যকারি আধিকারিক ডঃ সুজিত ঘোষ।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM-Seva Teerth :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সেবা তীর্থে প্রথম সিদ্ধান্ত হিসেবে, প্রধানমন্ত্রী রাহাত প্রকল্প অনুমোদন করেছেন। এই প্রকল্পের উদ্দেশ্য হল লাখপতি দিদিদের লক্ষ্যমাত্রা দ্বিগুণ করে ছয় কোটি টাকা, কৃষি পরিকাঠামো তহবিল দ্বিগুণ করে দুই লক্ষ কোটি টাকা এবং স্টার্ট আপ ইন্ডিয়া ফান্ড অফ ফান্ডস ২.০-এর লক্ষ্যমাত্রা ১০ হাজার কোটি টাকার সংস্থান রাখা। প্রধানমন্ত্রীর দপ্তর আজ সেবা তীর্থে স্থানান্তরের পর প্রধানমন্ত্রীর প্রথম সিদ্ধান্তগুলি সেবার চেতনাকে প্রতিফলিত করে এবং সমাজের প্রতিটি অংশকে স্পর্শ করে। প্রধানমন্ত্রী রাহাত প্রকল্পের অধীনে, দুর্ঘটনার শিকার ব্যক্তিরা ১ লক্ষ ৫০ হাজার টাকা পর্যন্ত নগদহীন চিকিৎসা পাবেন, যাতে তাৎক্ষণিক চিকিৎসা সহায়তার অভাবে কোনও প্রাণহানি না হয়। প্রধানমন্ত্রী আজ বিকেলে নতুন দিল্লিতে সেবা তীর্থ উদ্বোধনের পাশাপাশি কর্তব্য ভবন-১ ও ২ এরও উদ্বোধন করেন। এরপর তিনি সেখানে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

#######Byte-PM######

উল্লেখ্য, সেবাতীর্থে প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় নিরাপত্তা পরিষদ সচিবালয় এবং মন্ত্রিসভা সচিবালয় স্থানান্তরিত হয়েছে, এই কার্যালয়গুলি আগে ভিন্ন ভিন্ন স্থানে ছিল। নতুন ভবন চত্বরগুলি আধুনিক, ভবিষ্যতের জন্য প্রস্তুত সুযোগ-সুবিধায় প্রশাসনিক কাজকর্ম সুসংহত করার জন্য সমর্পিত।

***************************

**Bangladesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারম্যান তারেক রহমানের সাথে কথা বলেছেন এবং বাংলাদেশের নির্বাচনে অসাধারণ জয়ের জন্য তাকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি গভীর ঐতিহাসিক ও সাংস্কৃতিক বন্ধনের সঙ্গে ঘনিষ্ঠ প্রতিবেশী হিসেবে উভয় দেশের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির প্রতি ভারতের অব্যাহত অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। এদিকে, রাজ্যের পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরনে সাংবাদিক সম্মেলনে আশা প্রকাশ করেন যে, বাংলাদেশে বিএনপি নেতৃত্বাধীন সরকার গঠনের পর সাব্রুমের মৈত্রী সেতু, আখাউড়া রেল প্রকল্প চালুর সম্ভাবনা তৈরি হবে, ব্যবসা বানিজ্য, যাতায়াত স্বাভাবিক হবে।

***************************

**NMC :**

কেন্দ্রীয় সরকার ২০২৫-২৬ থেকে ২০২৮-২৯ শিক্ষাবর্ষের মধ্যে বিভিন্ন সরকারি কলেজে ডাক্তারি পড়ুয়াদের জন্য আরও ১০,০২৩টি আসন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। লোকসভায় আজ এক প্রশ্নের জবাবে এই তথ্য জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল।

**************************

**Naidu Trophy :**

ত্রিপুরা ও অন্ধ্রপ্রদেশের মধ্যে কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। মুলাপাদুর ডি ভি আর মাঠে ব্যাট করতে নেমে স্বাগতিক অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে ৩ উইকেট হারিয়ে প্রথম দিনের শেষে ৩৫৮ রান করে।

***********************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস

এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************